

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মসূচিপত্র ২০২০-২১ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী

সভাপতি ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ
মহাপরিচালক
সভার তারিখ ১৩-১০-২০২০ খ্রি.
সভার সময় ১১.০০ ঘটিকা
স্থান স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের সভা কক্ষ
উপস্থিতি স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের আওতাধীন বিভিন্ন কম্পোনেন্টের কর্মকর্তা ও ফোকাল পার্সন

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ড. লায়লা আখতারকে পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করার জন্য অনুরোধ জানান। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। নির্ধারিত বিষয়বলীর বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১।	নিয়মিত উপস্থিতি	হাজিরা খাতা পূর্বের ন্যায় চালু থাকবে। কোভিড পরিস্থিতির কারণে Face Detector এর মাধ্যমে উপস্থিতি নিশ্চিত করা যেতে পারে।	Face Detector স্থাপন করতে হবে।	ফাতেমা জোহরা উপপরিচালক -১ ও মেহেদী হাসান সিস্টেমস এনালিস্ট
২।	ওয়েবসাইট উন্নয়ন	সভাপতি ওয়েবসাইট উন্নয়নের বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা প্রয়োজন বলে মতামত দেন।	ওয়েবসাইট উন্নয়ন বিষয়ে অতিশীঘ্রই প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করতে হবে।	ড. মোঃ নূরুল আমিন পরিচালক (গবেষণা) ও মাজহারুল ইসলাম উপপরিচালক-৩
৩।	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা	বিগত সভায় (১৩-০৮-২০২০) কিছু উদ্ভাবনী প্রস্তাব পাওয়া গিয়েছিলো। সভাপতি আবারো উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করে সকল কর্মকর্তাকে পত্র দিতে ড. লায়লা আখতার-কে নির্দেশনা প্রদান করেন।	উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহ্বান করে আজই (১৫-১০-২০২০ খ্রি. তারিখ) পত্র দিতে হবে। প্রস্তাব প্রাপ্তির পরে সমন্বয় করে উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকা ০৩/১১/২০২০ তারিখের পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ ও ওয়েব-সাইটে আপলোড করতে হবে।	ড. লায়লা আখতার উপপরিচালক-২ ও সকল কর্মকর্তা
৪।	উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/নলেজ	চলতি মাসের মধ্যেই বিনাইদহে ও চৌগাছা, যশোর-এ সেবা সহজীকরণে কমিউনিটি পার্টিসিপেশন মডেল সম্পর্কে	আগামী ২১ থেকে ২৩ অক্টোবর, ২০২০ তারিখে নলেজ শেয়ারিং প্রোগ্রাম আয়োজন করতে হবে।	ড. লায়লা আখতার উপপরিচালক-২

	শেয়ারিং-এ প্রেরণ	নলেজ শেয়ারিং প্রোগ্রামে যাওয়া যেতে পারে বলে সভাপতি মত দেন।		
৫।	নূন্যতম ১টি ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়ন করা	টাঙ্গাইলের ঘাটাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসা সেবা কার্যক্রম অটোমেশনের আওতায় আনার প্রক্রিয়াটি গত বছরে শুরু হয়ে চলমান রয়েছে।	Hospital Automation এর কাজটি বাস্তবায়ন করতে হবে।	ড. মোঃ নূরুল আমিন পরিচালক (গবেষণা) ও এসএসকে টিম
৬।	সেবা সহজীকরণ	দাপ্তরিক সেবা সহজীকরণে ই-ফাইলিং বাস্তবায়ন সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ। এটি বাস্তবায়নের তাগিদ দিতে হবে।	সকল কাজে ই-নথি ব্যবহারের জন্য অফিস আদেশ জারি করতে হবে (১৫-১০-২০২০ খ্রি. তারিখ) এবং এর কপি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	মাজহারুল ইসলাম উপপরিচালক-৩ ও মেহেদী হাসান সিস্টেমস এনালিস্ট
৭।	উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন পরিবীক্ষণ	উদ্ভাবনী উদ্যোগ/ধারণার তালিকা প্রণয়ন করতে হবে এবং বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা (ক্যালেন্ডার) তৈরী করতে হবে।	আগামী ১৯/১২/২০২০ তারিখের পূর্বেই উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়ন ক্যালেন্ডার প্রণয়ন করতে হবে।	ড. লায়লা আখতার উপপরিচালক-২ ও সকল কর্মকর্তা
৮।	চলমান প্রকল্পসমূহ পরিদর্শন	চলমান পাইলট প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করতে হবে ও প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা প্রদান করতে হবে।	বর্তমান অর্থবছরের ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকে দুটি পরিদর্শন সম্পন্ন করতে হবে।	মহাপরিচালক ও পরিচালক (গবেষণা)
৯।	শিক্ষাসফর এর অভিজ্ঞতা শেয়ারিং	দেশে / বিদেশে প্রশিক্ষণ / শিক্ষাসফরে গেলে শিক্ষণীয় প্রতিটি পয়েন্ট নোটডাউন করে রাখতে হবে এবং গুরুত্বপূর্ণ বিষয়গুলো অন্যদের সাথে শেয়ার করতে হবে।	প্রশিক্ষণ / শিক্ষাসফর থেকে লব্ধ গুরুত্বপূর্ণ জ্ঞান ও অভিজ্ঞতা অফিসের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের সাথে শেয়ার করতে হবে।	সকল কর্মকর্তা
১০।	প্রশিক্ষণ মডিউল	মন্ত্রণালয় থেকে আগত প্রতিনিধি জনাব রজব আলী বলেন মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রণীত মডিউল অনুযায়ী উদ্ভাবনী প্রশিক্ষণ আয়োজন করতে হবে। সভাপতি, ড. লায়লা আখতার-কে নির্ধারিত প্রশিক্ষণ মডিউল ও রিসোর্সপার্সন এর তালিকা সংগ্রহ করতে বলেন।	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত মডিউল অনুযায়ী প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	ড. লায়লা আখতার উপপরিচালক-২

পরিশেষে আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪৫.০৫.০০০০.০০৮.৩৯.০০১.১৯.৩৭

তারিখ: ৪ কার্তিক ১৪২৭
২০ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন-৪ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
 - ২) স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও এর অধীন, সেল ও সেক্রেটারিয়েটের সকল কর্মকর্তা
- ড. লায়লা আখতার
উপপরিচালক